## পঞ্চম উপজেলা পরিষদের ৩৫ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ১৮ এপ্রিল ২০২২
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক এবং খ-তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় /বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |
| ২ | স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির মধ্যে কোন আলোচনা বা সুপারিশ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা যায়নি। | স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে। | ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৩ | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি অগ্রগতির জন্য উপস্থাপন | আলোচ্য মাসে নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৪ | মাননীয় উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | আলোচ্য মাসে মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরার্মশ না থাকায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট |
| ৫ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় কোভিড -১৯ সংক্রমণের ভ্যাক্সিন সকলের সহযোগিতায় ১ম | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডোজ ৭১ ভাগের বেশী সম্পন্ন হয়েছে। তিনি আরোও জানান, সারাদেশে ডায়রিয়া রোগের প্রাদুর্ভাব বেড়ে গেছে সেজন্যই সকলকে সচেতন থাকার জন্য সভায় অনুরোধ জানান। | | |
| ৬ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ,কানাইঘাট থানা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | --- |
| ৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের অর্ন্তগর্ত কায়স্থগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনে বিদ্যুৎ সংযোগ নেই। দ্রুত বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য সভাকে অবহিত করেন।<br>লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের অর্ন্তগর্ত কুওরঘড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের দ্বিতীয় তলার জানালা গ্রীলসহ ভেঙ্গে পড়ে যায়। এ বিষয়টি সরেজমিনে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | কায়স্থগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনে দ্রুত বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করতে হবে।<br>কুওরঘড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের দ্বিতীয় তলার জানালা গ্রীলসহ ভেঙ্গে যাওয়ার বিষয়টি দ্রুত সরেজমিনে তদন্ত করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা /উপজেলা প্রকৌশলী / ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি – ২ কানাইঘাট, সিলেট |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, প্রতিটি স্কুল, কলেজ, মাদ্রাসায় ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস যথাযথভাবে উদর্যাপন করা হয়। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সুষ্ট ও সুন্দরভাবে আয়োজন করা হয়। শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন সহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (এডিপি) এর কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ১০ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বোরো ফসলের প্রায় ২২০ হেক্টর এর মতো বন্যার পানিতে তলিয়ে গেছে। আউশ প্রণোদনা ১৪১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে,<br>১. মার্চ/এপ্রিল মাসে নদী-নালা,খাল বিলে লক্ষ লক্ষ মাছের পোনা উৎপাদিত হয়। এই পোনাগুলো বিচরণের জন্য উন্মুক্ত জলাশয়ে প্রবেশ করে। কিন্তু কিছু কিছু অসাধু লোক স্থায়ী ভাবে বাঁশ-কাঠি খাড়া বাঁধ তৈরি করে। যা সম্পূর্ণ নিষিদ্ধ। আড়াআড়ি বা স্থায়ী বাঁধ দিতে না পারে সেজন্যই সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>২. ১ নভেম্বর - ২০২২ থেকে ৩০ জুন -২০২২ পর্যন্ত জাটকা আমদানি, রপ্তানি, ক্রয়-বিক্রয় সম্পূর্ণ নিষেধ। সে বিষয়েও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদিপশুর উৎপাদনশীলতা বৃদ্ধিতে নিয়মিত কৃমিমুক্তকরণ অত্যাবশক। জেলা উন্নয়ন সমন্বয় সভার ফেব্রুয়ারি/ ২০২২ ইং মাসের সিদ্ধান্তের আলোকে উপজেলা পরিষদ থেকে কৃমিনাশক ঔষধ সরবরাহের কথা বলা হয়েছে। এ ব্যাপারে প্রয়োজনীয় (ইউনিয়ন ভিত্তিক) ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি। আসন্ন কোরবানীর ঈদে গবাদিপশুর দেশীয় পর্যায়ে পর্যাপ্ত মজুদ রয়েছে। কিন্তু অবৈধভাবে চোরাচালানের মাধ্যমে গরু, মহিষ, সীমান্ত পাড়ি দিয়ে আসছে বলে গনমাধ্যমে প্রকাশিত হয়েছে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ভিক্ষাবৃত্তি পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন এর জন্য হালনাগাদ তালিকা প্রয়োজন। কানাইঘাট উপজেলা ৯ টি ইউনিয়ন এবং ০১ টি পৌরসভা হতে হালনাগাদ তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও মেয়র কানাইঘাট পৌরসভাকে অনুরোধ জানান। | ভিক্ষাবৃত্তি পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন এর জন্য হালনাগাদ তালিকা দ্রুত দাখিল করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও মেয়র,পৌরসভা কানাইঘাট, সিলেট |
| ১৪ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | | |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৭ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৮ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি – ২ জানান যে, পল্লীবিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি – ২ কানাইঘাট,সিলেট |
| ২০ | তথ্য আপা প্রকল্প | তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, মার্চ-২০২২ মাসে ডুর টু ডুর ৯০০ জন মহিলা, এবং তথ্যকেন্দ্রে ১২১ জন মহিলাদের আইজি এর আবেদন, উঠান বৈঠকে ২০০ মহিলাকে সেবা দেয়া হয়। মোট ১২২১ জন মহিলাকে সেবা দেয়া হয়। আমাদের তথ্যকেন্দ্রে আজ পর্যন্ত ২৩,২২১ জন মহিলাদেরকে সেবা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য আপা প্রকল্প, কানাইঘাট, সিলেট |
| ২১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, সমবায় বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, যুব উন্নয়ন অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবকদের নিয়ে জনসচেতনতা মূলক অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরের কার্যক্রম চলমান রয়েছে । হাওড় অঞ্চলে. টেকসই পানি সরবরাহ ও | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্যানিটেশন প্রকল্পের আওতায় পানির উৎস স্থাপন ও ইমপ্রুভল্যাট্রিন নির্মানণর কাজ চলমান আছে। এই প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অথ বছরের ২য় পর্যায়ের বরাদ্দ ওয়াটসান কমিটির সভায় বিভাজন করা হয়েছে। বিভাজন অনুসারে তালিকা প্রেরণ এবং মানব সম্পদ উন্নয়নে পানি সরবরাহ প্রকল্পের বরাদ্দ অনুযায়ী তালিকা প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। | | |
| ২৪ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচীর ১ম প্রান্তিকের (মার্চ-এপ্রিল) পুষ্টি চাল বিক্রয় কার্যক্রম চলমান আছে। আগামী ২৮/০৪/২০২২ তারিখ হতে বোরো ধান সংগ্রহ করা হবে। কানাইঘাট উপজেলার সকল কৃষকের অ্যাপসের মাধ্যমে ধান সংগ্রহ করা হবে। তাই সকল উৎপাদক কৃষককে অ্যাপসে নিবন্ধন এবং আবেদন করতে হবে। ইতোপূর্বে যারা নিবন্ধন করেছেন তারা কেবল আবেদন করবেন বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৫ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক, কনাইঘাট শাখার মার্চ/২১ মাসে মোট ঋন বিতরণ হয়েছে ৫৫,২০(পঞ্চান্ন লক্ষ বিশ হাজার) টাকা এবং মোট ঋন আদায় হয়েছে ৪৫,১২ ( লক্ষ বার হাজার) টাকা। আদায়ের হার ৪৫% | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ০১ টি, | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার | ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০২ টি এবং ১৮৮ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | চিত্র উল্লেখ পূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | কানাইঘাট, সিলেট |
| ২৮ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবৎসরে চলমান কালবৈশাখী ঝড় বৃষ্টিতে উপজেলার বিভিন্ন সড়কে বেশ কিছু গাছপালা উপড়ে পড়ে রাস্তাঘাটে জনগন ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। জনবল কম থাকায় অতিদ্রুততার সহিত ঝড়ে পরা গাছ সরিয়ে জনগন চলাচলের উপযোগী করতে অসুবিধা সৃষ্টি হয়। এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৯ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | | |
| ৩০ | করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-৯) এর আগের স্টেইন দুর্বল থাকায় এর প্রকোপ তেমন বাড়তে পারেনি। কিন্তু বর্তমান প্রেক্ষাপটে কোভিড-১৯ এর ২য় পর্যায়ে আক্রান্তের সংখ্যা হ্রাস পাওয়ায় স্বাস্থ্য বিধি মেনে জীবনমান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত যাতে ছড়িয়ে না পড়ে সে লক্ষ্যে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহ্বান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | (ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরিধানের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা জোরদার করতে হবে।<br>(খ) করোনা টিকা গ্রহণের পরও মাস্ক পরিধান করতে হবে।<br>(গ) গণপরিবহন, হাটবাজার, রাস্তাঘাট ও অন্যান্য স্থানে সামাজিক দূরত্ব মেনে চলার বিষয়টি নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(ঙ) স্বাস্থ্যবিধির নিয়ম মেনে মসজিদে নামাজ আদায় করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩১ | বিবিধ | ০১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা /ভ্রমণ ভাতা; (গ) পাম্প চালক, মালি ও সুইপারের বেতন-ভাতা; (ঘ) উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয় ও আনুষাঙ্গিক ব্যয়; (ঙ) ক্লোজ সার্কিট ক্যামেরা ও পানির পাম্প মেরামত বাবদ ব্যয়; উপজেলা | ১.উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা ও কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা
পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২১.৮৮(৩৬)

তারিখ: ০৫ বৈশাখ ১৪২৯ / ১৮ এপ্রিল ২০২২

১। মাননীয় সংসদ সদস্য ২৩৩ সিলেট- ৫ নির্বাচনী এলাকা

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা

৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট

৪। জেলা প্রশাসক, সিলেট

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

৯। উপজেলা --------------------------------কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট

১০। চেয়ারম্যান, ----------------------------- ইউ/পি (সকল), কানাইঘাট, সিলেট

১১। জনাব------------------------------------ কানাইঘাট, সিলেট

১৮/০৪/২২

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান(মহিলা)উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো ঃ তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ জামাল উদ্দীন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো ঃ আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব আফসার উদ্দিন আহমদ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো ঃলোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডাঃ হিতাংশু শেখর দাস | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ আলমগীর হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব ডাঃ মো : ইকবাল হোসেন | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব বিদ্যুৎ চন্দ্র দাস | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মো: আবু হানিফ | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব জি .এমসেলিম রেজা | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মো ঃ জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ আব্দুর রউফ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রয়ক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ আব্দুল মালিক | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব পনিরুজ্জামান | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব হারুন আহমদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব নাভানা গুলসান | উপজেলা তথ্য আপা প্রকল্প, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো ঃ ইমরান আলী | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর,ইউজিডিপি | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মো ঃ আক্তার হোসেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট "খ"

### সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট |
| ০২ | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট, সিলেট |
| ০৩ | অফিসার ইনচার্জ,কানাইঘাট থানার,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৮ | নারী সংরক্ষিত সদস্য,কানাইঘাট,সিলেট |